



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়,  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,  
ঢাকা-১০০০।

জেনারেল ক্রেডিট বিভাগ

email:dgmlad1@krishibank.org.bd

ফোন : ০২২২৩৩৮৮৯৪৯  
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২  
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬১২১১

সূত্র নং-প্রকা জেঃক্রেঃবিঃ/৭(৩৪)/২০২৩-২৪/ ১৩০৬(২২৫০)

তারিখঃ ০৩/০৪/২০২৪ খ্রি.

বিষয় : কোভিড-১৯ মহামারি ও অন্যান্য কারণে গ্রামে ফিরে যাওয়া জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনে ৫০০ (পাঁচশত) কোটি টাকার “ঘরে ফেরা” বিষয়ক পুনঃঅর্থায়ন স্কিম (বাংলাদেশ ব্যাংক, কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০১, তারিখ ০৩ জানুয়ারি ২০২২) এর আওতায় বিতরণকৃত ঋণের বিপরীতে সুদ ভর্তুকি প্রদান প্রসঙ্গে।

শিরোনামে বর্ণিত বিষয় এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। কোভিড-১৯ মহামারি ও অন্যান্য কারণে গ্রামে ফিরে যাওয়া জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনে ৫০০ (পাঁচশত) কোটি টাকার “ঘরে ফেরা” বিষয়ক পুনঃঅর্থায়ন স্কিম (বাংলাদেশ ব্যাংক, কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০১, তারিখ ০৩ জানুয়ারি ২০২২) এর আওতায় বিকেবি’র শাখা পর্যায়ে ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিত করা লক্ষ্যে ২৭/০৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৪৬৭তম সভায় বর্ণিত স্কিমের আওতায় বিতরণকৃত ঋণসমূহের উপর শাখা পর্যায়ে ৫.৫০% হারে সুদ ভর্তুকির প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। হিসাবায়ন প্রক্রিয়াঃ বর্ণিত স্কিমের আওতায় বিতরণকৃত ঋণসমূহের উপর মেয়াদানুসারে ৫.৫% হারে সুদ ভর্তুকি হিসাবায়ন করে প্রধান কার্যালয় হতে শাখা বরাবর প্রেরণ করা হবে। শাখা পর্যায়ে প্রধান কার্যালয় হতে ইস্যুকৃত ক্রেডিট এ্যাডভাইস সাড়া প্রদান করার প্রয়োজন হবে না। প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ কর্তৃক আইসিটি সিস্টেমস বিভাগ এর সহায়তায় স্বয়ংক্রিয় ভাবে শাখার সাড়া প্রদানের কাজটি সম্পন্ন করা হবে। এক্ষেত্রে শাখা পর্যায়ে বিতরণকৃত ঋণসমূহ পোর্টালে এন্ট্রি প্রদান নিশ্চিতকরণ করতে হবে। বিকেবি, ওয়েব পোর্টালের রিপোর্ট অনুযায়ী শাখা ভিত্তিক বিতরণকৃত ঋণের উপর সুদ ভর্তুকির পরিমাণ হিসাবায়ন করা হবে। যদি কোন শাখা আলোচ্য স্কিমের আওতায় ঋণ বিতরণ করা সত্ত্বেও পোর্টালে এন্ট্রি প্রদান না করে এক্ষেত্রে বিতরণকৃত ঋণের উপর বর্ণিত সুবিধা প্রাপ্য হবে না।

০৪। প্রধান কার্যালয় হতে শাখা পর্যায়ে কম্পিউটার সিস্টেম এর মাধ্যমে উক্ত সুদ ভর্তুকি প্রদান করা হবে বিবেচনায় শাখা পর্যায়ে কোন ভাউচার প্রস্তুতের প্রয়োজন হবে না।

০৫। এমতাবস্থায়, বর্ণিত স্কিমের আওতায় ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিত করার জন্য মাঠ কার্যালয়সমূহের সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-


আপনার বিশ্বস্ত,

০১। মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

০২। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

০৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

  
(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯

সংযুক্তিঃ বর্ণনামতে।

বিষয় : কোভিড-১৯ মহামারি ও অন্যান্য কারণে গ্রামে ফিরে যাওয়া জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনে ৫০০ (পাঁচশত) কোটি টাকার “ঘরে ফেরা” বিষয়ক পুনঃঅর্থায়ন স্কিম (বাংলাদেশ ব্যাংক, কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০১, তারিখ ০৩ জানুয়ারি ২০২২) এর আওতায় বিতরণকৃত ঋণের বিপরীতে সুদ ভর্তুকি প্রদান প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা/জেংক্রঃবিঃ/৭(৩৪)/২০২৩-২৪/ ২৩০৩ (২২৫০)

তারিখঃ ০৩.০৪.২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

*Shrooin*  
06/08/2028  
(মুহাম্মদ মোশাররফ হোসেন)  
সহকারী মহাব্যবস্থাপক